



জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর



স্মারক নং ০৫(৫২৯) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২১/৮৬০

তারিখঃ ২৬/০৫/২০২৩

২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্র প্রিন্ট ও বিতরণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সককে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্র পরীক্ষা নিয়ন্ত্রকের ডিজিটাল স্বাক্ষরসহ ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। সংশ্লিষ্ট কলেজ সকল পরীক্ষার্থীর প্রবেশপত্র ওয়েবসাইট হতে কলেজ পাসওয়ার্ড ব্যবহারের মাধ্যমে ডাউনলোড করে প্রিন্ট কপি অধ্যক্ষ মহোদয় স্বাক্ষর ও সীল দিয়ে রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর যাচাই করে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন। যদি কোন বৈধ পরীক্ষার্থীর ফরমপূরণ করা সত্ত্বেও প্রবেশপত্র না পাওয়া যায় বা প্রবেশপত্রে কোন প্রকার ভুল থাকে এ ধরনের সমস্যা/জটিলতা পরিহারের লক্ষ্যে পরীক্ষা শুরুর ০৫ (পাঁচ) দিন পূর্বেই প্রবেশপত্র বিতরণের কাজ শেষ করতে হবে।

প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্টের নিয়মাবলীঃ

১. www.nu.ac.bd/admit/ অথবা nubd.info/college –এ প্রবেশপত্র ও উপস্থিতিপত্র পাওয়া যাবে।
২. College login এ click করে user name ও password ব্যবহার করে বিষয়ভিত্তিক Admit Card ডাউনলোড করতে হবে।
৩. College login এ click করে সংশ্লিষ্ট সকল কলেজ কেন্দ্রকে পরীক্ষার্থীর উপস্থিতিপত্র ডাউনলোড করতে হবে। পরবর্তীতে প্রিন্ট নিয়ে পরীক্ষার্থীর তথ্য যাচাই করে পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
৪. উক্ত পরীক্ষায় পরীক্ষার্থীকে রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পরীক্ষা কোড ব্যবহার করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

জরুরী প্রয়োজনে ০১৭১৬-৫৮৬৬৬৪ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

বিঃ দ্রঃ যদি কোন বৈধ পরীক্ষার্থীর ফরমপূরণ করা সত্ত্বেও প্রবেশপত্র না পাওয়া যায় বা প্রবেশপত্রে কোন প্রকার ভুল থাকে তাহলে ০৭/০৭/২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করতে হবে। প্রবেশপত্রে কোন প্রকার সংশোধন কলেজ বা কেন্দ্র কর্তৃক করা যাবে না। উল্লিখিত তারিখের পর কোনভাবেই প্রবেশপত্র বা ফরম পূরণ সংক্রান্ত কোনো অভিযোগ বা আবেদন গ্রহণ করা হবে না।

জরুরী প্রয়োজনে বিভাগওয়ারী নিম্নোক্ত মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে :

- ঢাকা বিভাগ : ০১৯২৩-৫৬২২২২
- সিলেট ও চট্টগ্রাম বিভাগ : ০১৭২৫-৪১৮৬২০
- খুলনা ও বরিশাল বিভাগ : ০১৭১১-১৯২৩৫২
- রাজশাহী ও রংপুর বিভাগ : ০১৭১১-১২৫৩৯৮

আপনাদের সহযোগিতার জন্য ধন্যবাদ।

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭